

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৭২

আগরতলা, ২২ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

সিপাহীজলা জেলায় লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র জমা দেওয়ার নির্দেশ

লোকসভার সাধারণ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সিপাহীজলা জেলার জেলাশাসক এক আদেশে জেলায় যাদের কাছে লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ রয়েছে, সেগুলি আগামী ৩০ মার্চ, ২০২৪ এর মধ্যে জেলার সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। আর্মস অ্যাক্ট ১৯৫৯ অনুযায়ী এই আদেশ জারি করা হয়েছে। লোকসভার সাধারণ নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।
